

2021
BENGALI
[HONOURS]
Paper : II

Full Marks : 100 Time : 4 Hours
The figures in the right-hand margin indicate marks.
Candidates are required to give their answers in their own words as far as practicable.

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৫ = ৫$
- ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যটি ভারতচন্দ্র কতসালে রচনা করেন?
- খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে উল্লিখিত দু’জন ঐতিহাসিক ব্যক্তির নাম লেখো।
- গ) নৃগেশ্বর কোন্ দেশের রাজা ছিলেন?
- ঘ) রাবণের পিতার নাম কী ছিল?
- ঙ) রামচন্দ্রকে অশ্বমেধ যজ্ঞ করার পরামর্শ কে দিয়েছিলেন?
- চ) ‘আমার শপতি লাগে’ পদের ‘পরাণের পরাণ নীলমণি’ — এখানে এই ‘নীলমণি’ কে?

- ছ) ‘মাধব কি কহব দৈব-বিপাক’ — পদটি কে রচনা করেন?
- জ) পূর্বরাগের শ্রেষ্ঠ কবি কে?
- ২। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৬ = ১২$
- ক) ‘কোথা গেল প্রাণনাথ আমারে করহ সাথ তোমা বিনা সকলি আঁধার।’ — এখানে কে, কার উদ্দেশ্যে এই বিলাপ করেছেন?
- খ) ‘অন্নদামঙ্গল’ এর রচনাকালজ্ঞাপক শ্লোকটি উল্লেখ করো।
- গ) রাবণকে ‘শক্তিশেল’ বানটি কে এবং কেন প্রদান করেন?
- ঘ) কুবেরকে কে, কী নামের রথ দান করেন?
- ঙ) ‘দুই ভাই দুই জাতি হৈল কি কারণ।।’ — এখানে দুই ভাই ও দুই জাতি বলতে কী বোঝানো হয়েছে?
- চ) লক্ষ্মাপুরী কে কতদিনে নির্মাণ করেন?
- ছ) ‘তাতল সৈকত বারিবিন্দু সম’ — পদটির রচয়িতা কে? ‘তাতল সৈকত’ শব্দের অর্থ কী?
- জ) ‘যাঁহা পঁছ অরুণ-চরণে চলি যাত।’ — পদটি কোন্ পর্যায়ের? এই পর্যায়ের একজন শ্রেষ্ঠ পদকর্তার নাম লেখো।

৩। 'ক' এবং 'খ' থেকে দুটি দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর
দাও: $২ \times ৪ = ৮$

ক) অলঙ্কার নির্ণয় করো (যে-কোনো দু'টি):

অ) বৃথাই হোল জন্ম রে তোর

সব হোল তোর মিছে,

সারা জীবন ছুটলি শুধুই

মরীচিকার পিছে।

আ) আছিলাম একাকিনী বসিয়া কাননে।

আনিল তোমার পতি বান্ধি নিজগুণে।।

ই) দেবতা আশিস ছলে বরষে শিশির।

ঈ) অজানা গোপন গন্ধে পুলকে চমকি

দাঁড়াবে থমকি।

খ) উদাহরণযোগে যে-কোনো দুটি অলঙ্কারের সংজ্ঞা ও
বৈশিষ্ট্য উল্লেখ করো।

অনুপ্রাস, বক্রোক্তি, যমক, ব্যাজস্ততি, সন্দেহ, অপহুতি

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্ণয় করো (যে-কোনো দুটি):

অঙ্কর, কলা, যতিলোপ, চরণ

খ) ছন্দলিপি প্রস্তুত করো (যে-কোনো একটি):

অ) গায়ে আমার পুলক লাগে

চোখে ঘনায় ঘোর

হৃদয়ে মোর কে বেঁধেছে

রাঙা রাখীর ডোর।

আ) খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে

বনের পাখি ছিল বনে।

একদা কী করিয়া মিলন হল দৌঁহে

কী ছিল বিধাতার মনে।

গ) সত্যেন্দ্রনাথ দত্তকে কেন বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ
ছন্দসিক কবি বলা হয়ে থাকে তা সংক্ষেপে আলোচনা
করো।

৫। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) ভারতচন্দ্রের অনন্যদামঙ্গল ১ম ভাগ কাব্যে দেবীর যে
রূপের মাহাত্ম্য কীর্তিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

খ) 'অনন্যদামঙ্গল' কাব্যের শুরুতে কবি বাংলাদেশের যে
অরাজক অবস্থার বর্ণনা দিয়েছেন তা নিজের ভাষায়
বর্ণনা করো।

গ) ‘নির্ধন হতেছে রাজ্য, শুন রঘুবর।’ রাজ্যের এই বার্তা রামচন্দ্রের কাছে কে উপস্থিত করেন? এই সংবাদ শুনে রামচন্দ্র কী সিদ্ধান্ত নিয়েছিলেন সংক্ষেপে আলোচনা করো।

ঘ) “ব্রহ্মা-অংশে জন্ম তার, সর্বলোকে জানে।

রাম্ফস হইল তবে কিসের কারণে।।” — এখানে কার সম্পর্কে এরূপ মন্তব্য করা হয়েছে? সংক্ষেপে তার জন্মবৃত্তান্তটি আলোচনা করো।

ঙ) ‘পূর্বরাগ’ বলতে কী বোঝ? তোমার পাঠ্য এই পর্যায়ের একটি পদ আলোচনা করে পূর্বরাগের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

চ) ‘তাতল সৈকত’ — পদটিতে নিবেদনের যে ভাবটি প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

৬। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

‘ক’-এর উত্তর আবশ্যিক এবং ‘খ’, ‘গ’ ও ‘ঘ’-এর মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

ক) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

অ) অনেক সমালোচক মনে করেন রামায়ণের উত্তরাকাণ্ডের ঘটনা প্রক্ষিপ্ত। উক্ত কাণ্ডের ঘটনা আলোচনা করে দেখাও যে এই কাণ্ডটি প্রক্ষিপ্ত কিনা?

আ) বৈষ্ণব রসশাস্ত্রে ‘বাৎসল্য রস’ বলতে কী বোঝানো হয়েছে? এই পর্যায়ের একটি পদের আলোচনা করে এই পর্যায় সম্পর্কে বিস্তৃত ব্যাখ্যা দাও।

অথবা

“রাজসভা কবি রায়গুণাকরের অন্নদামঙ্গল গান রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য্য।” — ‘অন্নদামঙ্গল’ কাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের এই অভিমত কতখানি গ্রহণযোগ্য তা বিশ্লেষণ করো।

খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের দেবচরিত্রগুলিতে দেবভাব নয়; মানবভাবই বড়ো হয়ে উঠেছে।—তোমার পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির মূল্যায়ন করো।

অথবা

“এই কাব্যের প্রথম খণ্ডে লোক-ঐতিহ্যের কাছে কবির বার বার ফিরে যাওয়া তাঁর লোকজীবনগত ইহমুখিতাকেই প্রমাণ করল।” —অন্নদামঙ্গল কাব্যে এই লোক-উপাদান ও লোকজীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তা বিশদে তুলে ধরো।

গ) রামায়ণের উত্তরাকাণ্ডে অগস্ত্যমুনির দ্বারা কথিত রাবণের দিগ্বিজয়ের কাহিনী সংক্ষেপে বর্ণনা করো।

অথবা

রামায়ণের উত্তরাকাণ্ডের সীতা চরিত্রের বিশ্লেষণের
মধ্য দিয়ে কৃত্তিবাস যে সত্যে উপনীত হতে চেয়েছেন
তা বিশদে আলোচনা করো।

ঘ) ‘পূর্বরাগ’ বলতে কী বোঝ? তোমার পঠিত পদ
অবলম্বনে রাধাকৃষ্ণের পূর্বরাগ সম্পর্কে বিস্তৃত
আলোচনা করো।

অথবা

‘মধুর রসের বাইরেও বৈষ্ণব পদাবলীতে অন্যান্য
রসের পদ পাওয়া যায়’ — তোমার পঠিত পদ
অবলম্বনে এই অভিমতটি বিশ্লেষণ করে দেখাও।
